

ব্রি ধান২৮ চাষাবাদ পদ্ধতি

ব্রি ধান২৮ কি?

ব্রি ধান২৮ বোরো মৌসুমের একটি আগাম জাত। এ জাত ১৯৯৪ সালে চাষাবাদের জন্য অনুমোদিত হয়। এ ধান ১৪০ দিনে পাকে এবং হেক্টর প্রতি ৫ টন ফলন দেয়। এ জাতের চাল সাদা ও চিকন। এ ধানের শিষ উপরে থাকে বলে সহজেই দৃষ্টি আকর্ষণ করে।

সুবিধা

এ জাতের জীবনকাল ব্রি ধান২৯ এর চেয়ে প্রায় তিন সপ্তাহ কম। তাই অসচ্ছল কৃষক যারা আগাম ফসল কাটতে চান তাদের জন্য এ জাতটি বিশেষভাবে উপযোগী। এ জাত আগাম বিধায় বন্যা প্রবণ এলাকায় যেখানে পাকা ধান পানিতে তলিয়ে যায় সে সমস্ত এলাকার জন্যও উপযোগী। এ ধানের মুড়ি ভালো হয়। বোরো ধান চাষের পর যারা সবুজ সার চাষ করে মাটির উর্বরতা বাড়াতে চান তারা এ আগাম জাতটি নির্বাচন করতে পারেন।



চিত্র: ব্রি ধান২৮

চাষ পদ্ধতি

১. চারা তৈরি : মধ্য ডিসেম্বর থেকে জানুয়ারির প্রথম সপ্তাহের মধ্যে চারা তৈরি করুন।
২. চারার বয়স : ৩৫-৪০ দিনের চারা।
৩. চারা রোপণ : ২০শে জানুয়ারি থেকে ২৫শে জানুয়ারির মধ্যে চারা রোপণের উপযুক্ত সময়।
৪. চারার সংখ্যা : প্রতি গুচ্ছিতে ২-৩ টি।
৫. রোপণ দূরত্ব : ২০x১৫ সেন্টিমিটার।
৬. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :

ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিঙ্ক
৩০-৪০	৭-১০	৮-১৬	৪-১১	০.৭-১.০
- ৬.১ ইউরিয়া সার দু'বার উপরি প্রয়োগ করতে হবে।
- ৬.২ প্রথম উপরি প্রয়োগ রোপণের ১৫-২০ দিন পর।
দ্বিতীয় উপরি প্রয়োগ রোপণের ৩০-৩৫ দিন পর।
- ৬.৩ ইউরিয়া উপরি প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে।
- ৬.৪ ইউরিয়া সার প্রয়োগে লিফ কালার চার্ট (এলসিসি) ব্যবহার করতে হবে।
৭. আগাছা দমন : রোপণের পর ৪০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।
৫. সেচ : থোর অবস্থা থেকে দানা দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত পানি রাখতে হবে।
৯. রোগ ও পোকামাকড় দমন : সমন্বিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করা যেতে পারে।
১০. ফসল কাটা : মে মাসের প্রথম সপ্তাহ থেকে দ্বিতীয় সপ্তাহ।



চিত্র: এলসিসি দিয়ে ধানের পাতার রঙ মিলিয়ে ইউরিয়ার চাহিদা নির্ধারণ

ফ্যান্ট শীটঃ বোরো ধানের জাত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট



আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ drbrri@dhaka.net.com